...

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

১ সেগুনবাগিচা, ঢাকা।

নৈতিকতা কমিটির ২০২১-২২/৪ নং সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুব হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ১৩/০৬/২০২২ |
| সভার সময় | ১১.০০ |
| স্থান | কমিশনের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই গত ২৪/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২১-২২/৩ নং সভার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। পরবর্তীতে ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪ নং কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন পর্যালোচনা করা হয়। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুসারে দুর্নীতি দমন কমিশনের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্তে আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | গত ২৪/০৩/২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৩ নং সভায় নির্ধারিত সময়ের মধ্যে কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান ও পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্তু তা বাস্তবায়িত হয় নাই বিধায় জুন ২০২২ এর মধ্যে উক্ত পুরস্কার প্রদানের বিষয়ে সভায় প্রস্তাব করা হয়। | ২০ জুন ২০২২ তারিখের মধ্যে কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান ও পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা। | মহাপরিচালক (প্রশাসন) |
| ২ | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুসারে জুন ২০২২ এর মধ্যে IPMS software চালুকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের উপর সভায় গুরুত্বারোপ করা হয় এবং আলোচনান্তে আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে IPMS software চালুকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে IPMS software চালু করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা । | মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি) |

| | | | |
|---|---|---|---|
| ৩ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুসারে প্রতিটি মন্ত্রণালয় ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কিছু কার্যক্রম স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিরূপণ করে বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে বলা হয়। অধিকাংশ ক্ষেত্রে মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানসমূহ নিজস্ব সুবিধা অনুসারে সহজে বাস্তবায়নযোগ্য কিছু কার্যক্রম গ্রহণ করে, যা শুদ্ধাচার বা দুর্নীতি প্রতিরোধে সহায়ক বলে প্রতীয়মান হয় না। বিধায় নৈতিকতা কমিটির ৩ নং সভায় বার্ষিক কর্মপরিকল্পনায় প্রত্যেক মন্ত্রণালয় বিভাগ ও প্রতিষ্ঠানের জন্য শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যূন ৫টি উপযুক্ত কার্যক্রম নির্ধারণের নিমিত্ত একটি সাধারণ সুপারিশমালা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদে একটি পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয় এবং এ লক্ষ্যে প্রত্যেক অনুবিভাগ থেকে উপযুক্ত কার্যক্রমের সুপারিশ সভাপতির নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় তথাপি কোন কোন অনুবিভাগ থেকে এ ধরনের সুপারিশ পাওয়া যায় নাই। বিধায় সভায় আগামী ২০ জুনের মধ্যে সকল অনুবিভাগকে মতামত প্রদান করতে বলা হয়। | ২০ জুন ২০২২ তারিখের মধ্যে প্রত্যেক অনুবিভাগ থেকে সকল মন্ত্রণালয় বিভাগ ও সংস্থার জন্য শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক উপযুক্ত কার্যক্রম নির্ধারন সংক্রান্ত সুপারিশ সভাপতির নিকট উপস্থাপন করা। | মহাপরিচালক (সকল) |
| ৪ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুসারে দুর্নীতি দমন কমিশনের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হবে। এ নির্দেশিকায় ১) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ২) আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এবং ৩) শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম শীর্ষক ৩(তিন)টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। যার মধ্যে, ১) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ও ২) আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নের ক্ষেত্রে মোট ১১টি কার্যক্রমের নাম নির্ধারণ করে দেয়া রয়েছে। এ সকল কার্যক্রমের ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশনকে শুধুমাত্র নিজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। তবে, ৩নং ক্ষেত্রে অর্থাৎ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক ন্যূনতম তিনটি কার্যক্রম স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিরূপণ করে তদনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হয়। এ লক্ষ্যে সকল অনুবিভাগ থেকে মতামত চাওয়া হয়। ইতোমধ্যে প্রতিরোধ, মানিলন্ডারিং এবং লিগ্যাল অনুবিভাগ থেকে মতামত পাওয়া গিয়েছে। যেসকল অনুবিভাগ এখনো মতামত প্রদান করেনি আগামী ২০ জুনের মধ্যে তাদের মতামত প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | যে সকল অনুবিভাগ মতামত প্রদান করেনি সেসকল অনুবিভাগ কর্তক আগামী ২০/০৬/২০২২ তারিখের মধ্যে দুর্নীতি প্রতিরোধে সহায়ক ন্যূনতম তিনটি কার্যক্রমের নাম/মতামত প্রদান করা। | মহাপরিচালক (প্রশাসন), মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি), মহাপরিচালক (বিশেষ অনুসন্ধান), মহাপরিচালক (তদন্ত-১) এবং মহাপরিচালক (তদন্ত -২) |
| ৫ | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুসারে প্রতি কোয়াটারে কমপক্ষে ২৫ জন কমিশনের কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যে বাস্তবায়নে চতুর্থ কোয়ার্টারের জন্য দুর্নীতি দমন কমিশনের প্রতি অনুবিভাগের ফোকাল পারসন এবং নবনিযুক্ত কর্মকর্তাসহ কমপক্ষে ২৫ জনের জন্য শুদ্ধাচার বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আগামী ২০ জুন ২০২২ তারিখের মধ্যে দুদকের প্রত্যেক অনুবিভাগের ফোকাল পারসন এবং নবনিযুক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমপক্ষে ২৫ জনের জন্য শুদ্ধাচার বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করা। | পরিচালক (প্রশিক্ষণ) |

| | | | |
|---|---|---|---|
| ৬ | কমিশনের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রতিটি অনুবিভাগ কর্তৃক একজন করে শুদ্ধাচার ফোকাল পারসন কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়েছে। ফোকাল পারসনগণ স্ব স্ব অনুবিভাগের উপর অর্পিত শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা (যদি থাকে) তা বাস্তবায়ন এবং নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ফিডব্যাক প্রদান করবে। এ কাজের সুবিধার্থে নৈতিকতা কমিটির প্রতিটি সভায় নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ উপস্থিতির পাশাপাশি বর্নিত ফোকাল পারসনদের উপস্থিত থাকার উপর সভায় গুরুত্বারোপ করা হয় এবং পরবর্তী নৈতিকতা কমিটির সভায় সকল অনুবিভাগের শুদ্ধাচার ফোকাল পারসনদের উপস্থিতি নিশ্চিত করার প্রস্তাব উথাপন করা হয়। | নৈতিকতা কমিটির সভায় প্রত্যেক অনুবিভাগের শুদ্ধাচার ফোকাল পারসনদের উপস্থিতি নিশ্চিত করা। | মহাপরিচালক (সকল) |
| ৭ | দুর্নীতি দমন কমিশনে প্রধান কার্যালয়ে পরিচালক ও তদুর্ধ্ব কর্মকর্তাদের নিয়ে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ে একটি Executive Meeting আয়োজনের বিষয়ে সভায় প্রস্তাব উথাপন করা হয়। | কমিশনের প্রধান কার্যালয়ে কর্মরত পরিচালক ও তদুর্ধ্ব কর্মকর্তাদের নিয়ে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ে একটি Executive Meeting আয়োজন করা। | মহাপরিচালক (প্রতিরোধ) |

পরিশেষে, সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন এর মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মাহবুব হোসেন
সচিব

স্মারক নম্বর: ০০.০১.০০০০.৩১০.৩১.০০১.২১.১২

তারিখ: ৫ আষাঢ় ১৪২৯
১৯ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা
২) একান্ত সচিব, চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন
৩) পরিচালক, পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), দুর্নীতি দমন কমিশন
৪) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (এনআইএস এবং আনকাক ফোকাল পয়েন্ট), দুর্নীতি দমন কমিশন
৫) পরিচালক, পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১) (ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী ও রংপুর), দুর্নীতি দমন কমিশন
৬) পরিচালক, পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ), দুর্নীতি দমন কমিশন
৭) পরিচালক, সুশাসন শাখা, দুর্নীতি দমন কমিশন
৮) সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিষ্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন
৯) উপপরিচালক, পরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন
১০) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), দুর্নীতি দমন কমিশন
১১) উপপরিচালক, উপপরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন

১২) একান্ত সচিব, সচিব এর দপ্তর , দুর্নীতি দমন কমিশন

এ কে এম সোহেল
মহাপরিচালক